

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ০৯ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ/২৩ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০৫৬.২০১৫-৩৭০—যেহেতু, জনাব আবুল কাওছার মোহাম্মদ নজরুল ইসলাম, চেয়ারম্যান, পলাশবাড়ী উপজেলা পরিষদ-এর বিরুদ্ধে দায়েরকৃত (১) এস, সি ৩৫/১৬ জি, আর নং ৩২/১৫ (২) এস, সি ১১৬/১৬ জি, আর নং ২৯/১৫ (৩) এস, সি ১১৫/১ জি, আর নং ৩১/১৫ (৪) এস, সি ৫০/১৬ জি, আর নং ৯/১৫ মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব আবুল কাওছার মোহাম্মদ নজরুল ইসলাম, চেয়ারম্যান, পলাশবাড়ী উপজেলা পরিষদ, গাইবান্ধা-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত]-এর ধারা ১৩(খ)(১) অনুসারে গাইবান্ধা জেলার পলাশবাড়ী উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব আবুল কাওছার মোহাম্মদ নজরুল ইসলাম-কে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

ড. জুলিয়া মঈন
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৩২৮৩)

মূল্য : টাকা ৪.০০